দৈনিক
ইত্তেফাক

তাং - 04 JUL 2016
পৃষ্ঠা ৮ কলাম ৬

# ঈদে বেতন ও বোনাস পাননি অনেক বেসরকারি শিক্ষক

■ ইত্তেফাক ডেস্ক

যথাসময়ে ব্যাংকে বিল না আসায় ও জমা দিতে না পারায় দেশের বিভিন্ন স্থানে বেসরকারি শিক্ষক-কর্মচারীরা ঈদের আগে বেতন ও বোনাস না পেয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন।

**চাটমোহর (পাবনা):** যথাসময়ে ব্যাংকে বিল না আসায় ও জমা দিতে না পারায় চাটমোহরে বেসরকারি শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল-কলেজ-মাদ্রাসা-কারিগরি) সহস্রাধিক এমপিওভুক্ত শিক্ষক কর্মচারী ঈদুল ফিতরের উৎসব ভাতা উত্তোলন করতে পারেননি। মাউশি ঈদুল ফিতরের উৎসবভাতা ছাড় করতে বিলম্ব করায় ৩০ জুন দুপুরে উৎসব ভাতার এমপিও কপি চাটমোহর সোনালী ব্যাংকে এসে পৌঁছে। দুপুর আড়াইটা পর্যন্ত ব্যাংকে লেনদেন হওয়ায় কিছু শিক্ষা প্রতিষ্ঠান উৎসব ভাতা জমা দিতে পারলেও অধিকাংশ প্রতিষ্ঠান জমা দিতে পারেনি। টাকা শিক্ষকদের স্ব স্ব হিসাব নম্বরে পোস্টিং দিতে না পারায় শত শত শিক্ষক ব্যাংকে উৎসব ভাতা তুলতে এসে রিক্ত হস্তে ফিরে যান। পাশাপাশি জুন মাসের বেতনও পাননি শিক্ষক-কর্মচারীরা।

শিক্ষকরা জানান, বেতন ও উৎসবভাতা না পাওয়ায় অনেক শিক্ষক-কর্মচারী ঈদের আনন্দ উপভোগ করতে পারবে না।

**ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ):** ঈশ্বরগঞ্জ উপজেলার এমপিওভুক্ত স্কুল কলেজ ও মাদ্রাসাসহ ৫০টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৬শ শিক্ষক কর্মচারী জুন মাসের বেতন উত্তোলন করতে না পারায় ঈদ আনন্দ বঞ্চিত তাদের পরিবার। সর্বশেষ ৩০ জুন ঈদ বোনাস প্রদানের সরকারি সিদ্ধান্ত হলেও ব্যাংকে এমপিও শিট পৌঁছতে বিলম্ব হওয়া, ব্যাংক কর্তৃপক্ষের গড়িমসি এবং গত বৃহস্পতিবার সপ্তাহের শেষ কার্যদিবস থাকায় অনেকে বোনাসও উত্তোলন করতে পারেননি। ফলে অর্থাভাবে পরিবার পরিজন নিয়ে ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগির সুযোগ থাকছে না ভুক্তভোগীদের। ফলে অনেকেই স্ত্রী সন্তান বাবা মা ও প্রিয়জনদের ঈদে নতুন পোশাক কিনে দিতে পারেননি।

আলীনগর কারিগরি ও বাণিজ্যিক কলেজের অধ্যক্ষ মো. খলিলুর রহমান বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীরা ঈদের আগে বেতন ভাতা না পাওয়ায় তাদের পরিবারে ঈদের আনন্দ অনেকটাই ম্লান হয়ে গেছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ছফিউল্লাহ সরকার জানান, বেসরকারি শিক্ষকরা দ্বিতীয় ও প্রথম শ্রেণির অন্তর্ভুক্ত থাকায় বেতন ভাতা পরিশোধের ক্ষেত্রে রাষ্ট্রপতির অধ্যাদেশ প্রয়োজন। অধ্যাদেশ না থাকায় বেতন ভাতা মঞ্জুর হয়নি।

**উল্লাপাড়া (সিরাজগঞ্জ):** উল্লাপাড়া উপজেলায় বেসরকারি শিক্ষক-কর্মচারীদের পরিবারে ঈদের আনন্দ নেই। সরকার বেতন-বোনাস দেওয়ার ঘোষণা দিলেও শেষ পর্যন্ত কোনোটাই পাননি শিক্ষক-কর্মচারীরা। ৩০ জুন শেষ কর্মদিবসের শেষ ঘণ্টায় বেতন-বোনাসের টাকা সোনালী ব্যাংক উল্লাপাড়া শাখায় এসে পৌঁছালেও দীর্ঘ ছুটির কারণে ব্যাংক কর্তৃপক্ষ শিক্ষক-কর্মচারীদের হাতে টাকা তুলে দিতে পারেননি। উল্লাপাড়ায় বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান মিলে ১৭৫টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্মচারীর সংখ্যা প্রায় আড়াই হাজার।

সোনালী ব্যাংক উল্লাপাড়া শাখার ব্যবস্থাপক দেবেশ সান্যাল জানান, ৩০ জুন বিকাল ৩টার পর এখানকার বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বোনাস ও জুন মাসের বেতনের টাকা ব্যাংকে এসে পৌঁছায়। কিন্তু প্রায় আড়াই হাজার শিক্ষক কর্মচারীর বেতন বোনাস বিল গ্রহণ এবং তাদের নিজ নিজ হিসাবে টাকা পোস্টিং দেওয়ার সময় ও সুযোগ না থাকায় ব্যাংক কর্তৃপক্ষের ইচ্ছা থাকলেও শিক্ষকদের হাতে টাকা তুলে দেওয়া সম্ভব হয়নি।

**কালাই (জয়পুরহাট):** কালাইয়ে ব্যাংক লেনদেনের শেষ মুহূর্তে বোনাসের অর্থ এলেও অর্ডার স্মারক না আসায় তা তুলতে না পেরে ঈদের খুশি থেকে বঞ্চিত হচ্ছে উপজেলার সাড়ে ৭শ শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবার। তাই এবার ওই সাড়ে ৭শ শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবার-পরিজনের ঈদের আনন্দ থেকে বঞ্চিত হয়েই ঈদ কাটাতে হবে।

**ঘাটাইল (টাঙ্গাইল):** ঘাটাইল উপজেলার বিভিন্ন বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসায় কর্মরত সহস্রাধিক শিক্ষক-কর্মচারী জুন মাসের বেতন ও বোনাস তুলতে পারেনি। ফলে ঈদের আনন্দ থেকে বঞ্চিত ঘাটাইল উপজেলার সহস্রাধিক শিক্ষক-কর্মচারী। সরকার ঘোষিত মূল বেতনের মাত্র ২৫ ভাগ বোনাস পেয়ে আসছেন বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। উপজেলায় এমপিওভুক্ত ৫১টি স্কুল, ২৭টি মাদ্রাসা, ৩টি কলেজে প্রায় ১১শ শিক্ষক-কর্মচারী রয়েছেন।

ঘাটাইল উপজেলা শাখার সভাপতি খন্দকার তাহাজ্জত হোসেন ও সাধারণ সম্পাদক মো. খলিলুর রহমান বলেন, ঈদের আগে শিক্ষক-কর্মচারীদের জুন মাসের বেতন ও বোনাস না পাওয়াটা অমানবিক ও দুঃখজনক।

**পীরগঞ্জ (ঠাকুরগাঁও):** পীরগঞ্জে বোনাসের টাকা ব্যাংক থেকে উত্তোলন করতে না পারায় এবার সহস্রাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারীর পরিবার ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছে।

বোনাসের টাকা ব্যাংক থেকে উত্তোলন করতে শেষ কর্মদিবস বৃহস্পতিবার দিনভর ব্যাংকে দাঁড়িয়ে থেকে অবশেষে খালি হাতে বাড়িতে ফেরেন শিক্ষক-কর্মচারীরা। ব্যাংক কর্তৃপক্ষ বলছে, শিক্ষক-কর্মচারীদের টাকা বৃহস্পতিবার পর্যন্ত ব্যাংকে আসেনি। বর্তমান সরকার নতুন স্কেলে তাদের বেতন-ভাতা দিলেও বোনাসের টাকা পুরনো না নতুন স্কেলে হবে এ নিয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) সিদ্ধান্ত দিতে দেরি করে। এতে যথাসময়ে ঈদ বোনাসের টাকা ব্যাংকে পৌঁছায়নি। এ ছাড়াও জুন মাসের বেতনও শেষ কার্যদিবস বৃহস্পতিবার পর্যন্ত ছাড় দেয়নি মাউশি। ফলে নতুন স্কেলে ঈদের বোনাস ও জুন মাসের বেতন দিয়ে পরিবার পরিজন নিয়ে ঈদ উদ্‌যাপন করা হলো না এ উপজেলার শিক্ষক-কর্মচারীদের।

**কাহারোল (দিনাজপুর):** কাহারোল উপজেলার এমপিওভুক্ত ১২ শতাধিক শিক্ষক-কর্মচারী ব্যাংক খোলা থাকার শেষ দিনেও তুলতে পারেনি ঈদ বোনাসের টাকা। সরকার ঘোষিত মূল বেতনের ২৫ শতাংশ ঈদ বোনাস না পেয়েই ঈদ করতে হচ্ছে উপজেলার ৩৮টি মাধ্যমিক, ৮টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৮টি মাদ্রাসা ও ৬টি কলেজের ১২ শতাধিক শিক্ষক ও কর্মচারীদের। ঈদ বোনাস না পাওয়ায় এবার ঈদের আনন্দে ভাটা পড়েছে তাদের।